শরীয়তপুরে ডেঙ্গু জ্বরে এক নারীর মৃত্যু

শরীয়তপুরে ডেঙ্গতে আক্রান্ত হয়ে সুরাইয়া ইয়াসমীন (৩১) নামে এক নারীর মৃত্যু হয়েছে। সোমবার রাত ৩টার দিকে নিজ বাড়িতে তিনি মারা গেছেন। তিনি ডামুড্যা উপজেলার দক্ষিন ডামুড্যা গ্রামের কামাল ঢালির স্ত্রী।

স্থানীয়রা জানান, তারা স্বপরিবারে ঢাকায় বসবাস করতেন। ঈদের কয়েকদিন আগে বাড়ি আসেন। গত শনিবার তার শরীরে জ্বর অনুভব হলে তাকে প্রথমে ডামুড্যা হেপি ক্লিনিকে নিয়ে যায়। সেখানে রক্ত পরীক্ষা করার পর ডেঙ্গু রোগ ধরা পড়ে। এরপর তাকে পার্শ্ববতী আলী আজম হাসপাতালে চিকিৎসা করে একটু সুস্থ্য হবার পরে সোমবার রাতে বাড়ি নিয়ে যায়। ওই দিন তিনি মারা যান।

ক্লিনিকের ডাঃ সৈয়দ আনোয়ার হোসেন বলেন, আমার কাছে সুরাইয়া নামে এক নারী ডেঙ্গু চিকিৎসা নিয়েছেন।